

অবসরপ্রাপ্ত পেনশনার এবং মৃত্যুর পর তার বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের জন্য বিশেষ বিজ্ঞপ্তি

শতভাগ পেনশন সমর্পনকারী নৌ বাহিনীর পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে পুনঃস্থাপনের পেনশন সুবিধা এবং মৃত্যুর পর তাদের বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের জন্য চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রদান প্রসংগে

অবসর গমনের ১৫ বৎসর পূর্তিতে অবসরপ্রাপ্ত নাবিকগণের জন্যঃ

অর্থ মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০) তারিখ ০৮ অক্টোবর ২০১৮ মোতাবেক শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে পেনশন পুনঃস্থাপন করা হবে। অবসরপ্রাপ্ত নৌসদস্যের এলপিআর যে তারিখে শেষ হয়েছে তার পরদিন হতে উক্ত ১৫ বছর সময় গণনা করা হবে। আর যিনি এলপিআর ভোগ করেননি তার ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ হতে উক্ত ১৫ বছর সময় গণনাযোগ্য হবে। উল্লেখ্য যে, যেসকল নাবিক ০৪ ডিসেম্বর ২০০৩ হতে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত শতভাগ পেনশন সমর্পন করে অবসর গমন করেছে তাদের ক্ষেত্রে পেনশন পুনঃস্থাপনের উক্ত সুবিধা ০১ জুলাই ২০১৭ তারিখ হতে কার্যকর হবে। এতদ্বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ (যেমন-আবেদনপত্র, এলপিসি, পিপিও, পেনশন বইয়ের প্রতিলিপি, এনআইডি প্রতিলিপি, ইএফটি ফরম, ফিক্সেশন ফরম, সর্বশেষ পেনশন উত্তোলনের ব্যাংক প্রত্যয়নপত্র এবং অন্যান্য কাগজপত্র যদি থাকে) ডিপি সেন্টারে যোগাযোগের জন্য বলা হলো।

অবসরপ্রাপ্ত নাবিকগণের মৃত্যুর পর তার স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের জন্যঃ

অর্থ মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪ তারিখ ০৩ আগষ্ট ২০১৭ মোতাবেক শতভাগ পেনশন সমর্পনকারী অবসরপ্রাপ্ত নৌসদস্যের মৃত্যুর পর তার বিধবা স্ত্রী ও প্রতিবন্ধী সন্তান আজীবন এবং বিপত্তীক স্বামী সর্বাধিক ১৫ বছর (শতভাগ পেনশন সমর্পনকারী নৌসদস্যের অবসর গ্রহণের তারিখ হতে মোট ১৫ বৎসর মেয়াদ পূর্তির কোন সময় অবশিষ্ট থাকলে শুধুমাত্র উক্ত সময় পূর্তি পর্যন্ত) মাসিক চিকিৎসা ভাতা ও বছরে ২টি উৎসব ভাতা প্রাপ্য হবেন। তবে পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী এ সুবিধা প্রাপ্য হবেন না। উক্ত সুবিধা ০১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ হতে কার্যকর হবে। এতদ্বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ (যেমন-আবেদনপত্র, এলপিসি, পিপিও, পেনশন বইয়ের প্রতিলিপি, এনআইডি প্রতিলিপি, ইএফটি ফরম, ফিক্সেশন ফরম, সর্বশেষ পেনশন উত্তোলনের ব্যাংক প্রত্যয়নপত্র এবং অন্যান্য কাগজপত্র যদি থাকে) ডিপি সেন্টারে যোগাযোগের জন্য বলা হলো।